

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০২৩১

তারিখ ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ
১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

শোক বার্তা



সাবেক সচিব ও রাষ্ট্রদূত এবং বীর মুক্তিযোদ্ধা ওয়ালিউর রহমানের মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ মহোদয়ের শোক প্রকাশ


পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাবেক সচিব ও রাষ্ট্রদূত এবং বীর মুক্তিযোদ্ধা ওয়ালিউর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। শোক বার্তায় মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নৃশংসভাবে হত্যার পর সেই ঘণ্য ঘটনায় মরহুম ওয়ালিউর রহমানের প্রতিবাদের সাহসিকতা জাতির কাছে চিরস্মরণীয় হয়ে থাকবে। এছাড়াও বঙ্গবন্ধুর খুনিদের দেশে ফিরিয়ে আনার বিষয়েও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন বলেও উল্লেখ করেন ইআবি, ভাইস চ্যান্সেলর।

তিনি আরো বলেন, মরহুম ওয়ালিউর রহমান একজন গবেষকও ছিলেন। দেশের এই সংকটকালে ওয়ালিউর রহমানের মৃত্যু দেশ ও জাতির জন্য অপূরণীয় ক্ষতি হয়েছে। এসময় শোক বার্তায় মরহুমের রুহের মাগফিরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, মরহুম ওয়ালিউর রহমান গতকাল ২৯ নভেম্বর বুধবার সকাল ১০.৩০ মিনিটে হৃদরোগে আক্রান্ত হয়ে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন (ইন্সালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৮০ বছর।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়